

২০. অব্যক্ত প্রেম  
নীরব সজল করুন  
সে নয়ন পাতে,  
দূর সীমানায় ছুটে  
মোর মন তারি সাক্ষাতে।  
রহে সদা সে অন্তরে  
দোলে তার দৃষ্টিতে নব কিশলয়,  
তারি নয়ন আলোকে  
ভরে মোর ভুবন ভরে আলোয় আলোয়।  
সে আলোর সন্ধানে  
কতবার গিয়েছি ব্যক্ত করিতে,  
মনে পড়ে যায় বার বার  
রবি ঠাকুরের  
'বাঁশী' কবিতার হরিপদ কেরানীকে।  
কলকাতার কিনু গলির  
কান্ত বাবুর সৌখিন সানাইয়ের  
সুর শোনে উদভ্রান্ত আমি  
প্রকাশিত হলো না  
মোর প্রেমের সে অব্যক্ত বাণী।

